দৈনিক ইত্তেফাক

072

তারিখ ... NOV 1988 ...
পৃষ্ঠা ... 1 কলাম 6 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষক সমাজকে পথিকৃতের ভূমিকা পালন করিতে হইবে

—এরশাদ

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ গতকাল (বৃহস্পতিবার) বলিয়াছেন যে, শিক্ষাঙ্গনকে বিশৃংখলামুক্ত রাখা তথা সেখানে উপযোগী পরিবেশ বজায় রাখিতে শিক্ষকদের পথিকৃতের ভূমিকা পালন করিতে হইবে। বঙ্গভবনে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের (বিএফটিএ) জাতীয় নির্বাহী কমিটির বৈঠক প্রেসিডেন্ট এর-

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## এরশাদ

(১ম পৃ: পর)

শাদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বক্তৃতা প্রসঙ্গে প্রেসিডেন্ট এরশাদ বলেন যে, শিক্ষকগণ এই লক্ষ্য অর্জনে সক্ষম হইলে জাতি তাঁহাদের নিকট কৃতজ্ঞ থাকিবে।

বৈঠকের শুরুতে ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ এ,কে,এম,শহীদুল্লা সংগঠনের কার্যক্রমের অগ্রগতির রিপোর্ট পেশ করিয়া বলেন যে, সংগঠনের কার্যক্রম গতিশীল করা হইয়াছে। সরকারী এবং বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার ৩ লক্ষ ৫৭ হাজার শিক্ষকের প্রতিনিধিত্বকারী সংগঠন বিএফটিএ'র জাতীয় নির্বাহী কমিটি সর্বসম্মতিক্রমে প্রেসিডেন্ট এরশাদকে চেয়ারম্যান এবং অধ্যক্ষ এ, কে, এম, শহীদুল্লাহকে মহাসচিব নির্বাচিত করিয়া ৪৫ সদস্যের জাতীয় নির্বাহী কমিটি গঠন করে।

ফেডারেশনের সঙ্গে তাঁহার দীর্ঘদিনের সম্পর্কের কথা উল্লেখ করিয়া প্রেসিডেন্ট এরশাদ ফেডারেশনের কার্যক্রম যথাযথভাবে গতিশীল হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং এইমর্মে দৃঢ় বিশ্বাস ব্যক্ত করেন যে, ফেডারেশন এক্ষণে উহার লক্ষ্য অর্জনে সক্ষম হইবে। প্রেসিডেন্ট এরশাদ বলেন যে, তিনি শিক্ষকদের সমস্যা সম্পর্কে অবহিত আছেন। তিনি শিক্ষা মন্ত্রণালয় কমিটি কর্তৃক শিক্ষকদের সমস্যাবলীর সমাধানকল্পে সুপারিশমালা প্রণীত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন যে, এক্ষণে এইসব সুপারিশ কার্যকর করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হইবে।

প্রেসিডেন্ট এরশাদ বলেন যে, তাঁহার সরকারের অন্যতম প্রধান লক্ষ্য হইতেছে শিক্ষকদেরকে সমাজে তাঁহাদের যথাযথ স্থানে প্রতিষ্ঠা করা, যাহাতে তাঁহারা ভবিষ্যৎ নাগরিকদের গড়িয়া তোলার ক্ষেত্রে তাহাদের নির্ধারিত মহান ভূমিকা পালন করিতে পারেন। দেশের সাম্প্রতিক ভয়াবহ বন্যা মোকাবিলায় শিক্ষক সমাজের প্রশংসনীয় অবদানের কথা উল্লেখ করিয়া প্রেসিডেন্ট এরশাদ বলেন যে, নিজেদের অসুবিধা সত্ত্বেও শিক্ষক সমাজ বন্যা দুর্গতদের জন্য এক কোটি ১৫ লক্ষ টাকা দান করিয়াছেন। প্রেসিডেন্ট এরশাদ আরও বলেন যে, বন্যাদুর্গত মানুষের দুর্দশা লাঘবে শিক্ষক সমাজের সেবা কার্য ছাড়াও বন্যাদুর্গত অঞ্চলে স্কুল ও কলেজগুলি ত্রাণশিবির হিসাবে ব্যবহৃত হইয়াছে।

প্রেসিডেন্ট এরশাদ বলেন যে, জাতির সুদৃঢ় ঐক্য এবং সর্বশ্রেণীর নাগরিকদের সহায়তায় দেশ এবারের ভয়াবহ বন্যা কাটাইয়া উঠিতে সক্ষম হইয়াছে। তিনি দুর্গত মানবতার সেবাকার্যের জন্য শিক্ষক সমাজসহ সকলকে ধন্যবাদ জানান। প্রেসিডেন্ট এরশাদ দেশে উপর্যুপরি বন্যা প্রতিরোধে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ ব্যাখ্যা করেন। তিনি আঞ্চলিক দৃষ্টিভঙ্গীর মাধ্যমে সমস্যা সমাধানের লক্ষ্যে তাঁহার ভারত, চীন, নেপাল ও ভুটান সফরের কথাও উল্লেখ করেন।

ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ এ,কে, এম শহীদুল্লাহ দুর্গত মানবতার সেবায় প্রেসিডেন্ট এরশাদের প্রয়াসের সঙ্গে দেশের সমগ্র শিক্ষক সমাজের সংহতি ব্যক্ত করেন। তিনি বলেন যে, শিক্ষকগণ অতীতেও প্রেসিডেন্ট এরশাদের সঙ্গে ছিলেন এবং ভবিষ্যতেও থাকিবেন।

বিএফটিএ'র জাতীয় নির্বাহী কমিটির সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত একটি বিশেষ প্রস্তাবে দেশের সাম্প্রতিক ভয়াবহ বন্যা সাফল্যজনকভাবে মোকাবিলা করায় প্রেসিডেন্ট এরশাদের প্রশংসা করা হয়। প্রস্তাবে আরও বলা হয় যে, বন্যা মোকাবিলায় প্রেসিডেন্ট এরশাদের কঠোর পরিশ্রম দূরদৃষ্টি এবং বৃহত্তর জাতীয় ঐক্যের ভিত্তিতে সমন্বয় সাধন জাতির জন্য সম্মান অর্জন করিয়াছে।

উপ-প্রধান মন্ত্রী এবং প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমেদ উপস্থিত ছিলেন।